ভোরের কাগজ

তারিখ 17 NOV 1998
পৃষ্ঠা: 8 কলাম 7

## প্রাথমিক বিদ্যালয় সরকারি করা হোক

খাগড়াছড়ি পার্বত্য জেলার মাটিরাঙ্গা থানায় অবস্থিত আলুটিলা হৃদয় মেম্বার বড়পাড়া বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এই এলাকাসমূহের একটি অত্যন্ত স্বনামধন্য স্কুল। প্রতিষ্ঠালগ্ন থেকে এ স্কুলটি অত্যন্ত সুষ্ঠুভাবে পরিচালিত হয়ে আসছে। ইতিপূর্বে সরকারি নীতি মোতাবেক স্কুলের যাবতীয় কাগজপত্র চট্টগ্রাম উপপরিচালকের কার্যালয়ে জমা দিয়েছি। কিন্তু দুঃখের বিষয় এমন স্বনামধন্য স্কুলটি এখনো পর্যন্ত সরকারি করা হয়নি। যার ফলে পর্যাপ্ত সুযোগ-সুবিধার অভাবে স্কুলটি বর্তমানে বিভিন্ন সমস্যায় জর্জরিত হয়ে পড়ছে। এতে ছাত্র-শিক্ষক উভয়েই চরমভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এখানে কোনো সরকারি প্রাথমিক বিদ্যালয় না থাকার কারণে এখানকার কচি কচি ছাত্রছাত্রীরা নানা ধরনের সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। এমতবস্থায় উল্লিখিত স্কুলটিকে সরকারি স্কুল হিসেবে প্রতিষ্ঠিত করা হোক।

প্রধান শিক্ষক
শ্যামল মিত্র চাকমা
আলুটিলা হৃদয় মেম্বার বড়পাড়া
বেসরকারি প্রাথমিক বিদ্যালয়
খা/ছড়ি, মাটিরাঙ্গা।